২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ৮ম সভার (জরুরি) কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : মঙ্গলবার, ২৩ মার্চ ২০১০

সময় : বেলা ১০:০০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:

জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	কোষাধ্যক্ষ
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	পরিচালক

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ৭ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ আয়োজন প্রসঙ্গে
৪. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ৭ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি বিগত ৭ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ৭ মার্চ ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তার নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

সভাপতির কর্মকাণ্ড

৭ - ২৩ মার্চ ২০১০

১১ মার্চ ২০১০ সভাপতি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে তথ্যপ্রযুক্তি নীতিমালা সংশোধন ও হালনাগাদকরণ সংক্রান্ত সভায় যোগ দেন। ১৪ মার্চ ২০১০ তিনি বিসিএস-এর র‌্যাফেল ড্র'র পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে যোগ দেন। একই দিনে সভাপতি দুই সদস্য বিশিষ্ট একটি মার্কিন বিনিয়োগকারী দলের সাথে বৈঠক করেন। ১৯ মার্চ ২০১০ তিনি ঢাকার সেন্ট জোসেফ হাই স্কুলের পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

আলোচ্যসূচি-৩ : বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ আয়োজন প্রসঙ্গে

আলোচনা : সভাপতি সভায় অবহিত করেন, 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০' এবং 'অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট ২০১০'-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে মাননীয় প্রধানমন্ত্রীর অপারগতা জানিয়ে বিগত ১৪ মার্চ ২০১০ তারিখে তাঁর দপ্তর হতে বিসিএস-এ একটি চিঠি প্রেরণ করা হয়েছে। তিনি জানান, মূলত রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কাজে ব্যস্ততার কারণে সময়ের অভাবে মাননীয় প্রধানমন্ত্রী এ অপারগতা প্রকাশ করেছেন। তবে, উপরোল্লিখিত চিঠির বরাতে বিগত ২২ মার্চ ২০১০ তারিখে বিসিএস-এর তরফে পুনরায় তাঁকে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তা উদ্বোধন এবং 'অ্যাসোসিও আইটি অ্যাওয়ার্ড' গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়ে আবেদনপত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন, বিসিএস-এর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকা এবং আন্তর্জাতিক কৃতিত্বপূর্ণ সম্মাননা গ্রহণের গুরুত্ব অনুধাবন করত মাননীয় প্রধানমন্ত্রী যাতে আগামী ৩১ মার্চ ২০১০ তারিখে উপস্থিত থাকতে সম্মত হন তার সর্বোত প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এমনকি ঐ দিনের সময়সূচির মধ্য হতে এ কাজে অন্তত এক ঘণ্টা সময় বের করার জন্য তাঁর দপ্তরের কর্মকর্তাবৃন্দ সচেষ্ট রয়েছেন। সভাপতি বলেন, তাই আশা করা যায় মাননীয় প্রধানমন্ত্রী উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথির আসন অংলকৃতকরণ এবং 'অ্যাসোসিও আইটি অ্যাওয়ার্ড' গ্রহণে সম্মত হবেন। তিনি প্রস্তাব করেন, একান্ত যদি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি না পাওয়া যায় তবে মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিতকে প্রধান অতিথি হিসেবে 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০' এবং 'অ্যাসোসিও মাল্টিল্যাটার‌্যাল ট্রেড ভিজিট ২০১০' উদ্বোধন করার জন্য অনুরোধ জানানো হবে। এ প্রস্তাবে সকলে একমত পোষণ করেন।

'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০'-এর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর প্রস্তাব করেন, পরিবর্তিত পরিস্থিতিতে প্রদর্শনীর খরচের বাজেট পুন:নির্ধারণ করা প্রয়োজন। এ ব্যাপারে সভাপতি বলেন, প্রদর্শনীর জন্য গঠিত বিভিন্ন উপ-কমিটির চেয়ারম্যানসহ আহ্বায়ক এবং সমিতির কোষাধ্যক্ষ আলাপ-আলোচনা সাপেক্ষে এ কাজ করবেন। এতে সকলে সম্মতি জ্ঞাপন করেন।

'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০'-এ অংশগ্রহণের জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, বেসিস, আইএসপিএবি, বিসিএস কম্পিউটার সিটি এবং এলিফ্যান্ট রোড কম্পিউটার

সমিতিকে সৌজন্যমূলক স্টল বরাদ্দের জন্য আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর প্রস্তাব করে। এ প্রস্তাবে পরিচালকবৃন্দ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত :
- 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০' এবং 'অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০' উদ্বোধন করার জন্য চূড়ান্তভাবে মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি না পাওয়া গেলে মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিতকে প্রধান অতিথি হিসেবে উক্ত অনুষ্ঠান উদ্বোধন করার জন্য অনুরোধ জানানো হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- পরিবর্তিত পরিস্থিতিতে প্রদর্শনীর খরচের বাজেট পুন:নির্ধারণ করার জন্য প্রদর্শনীর জন্য গঠিত বিভিন্ন উপ-কমিটির চেয়ারম্যানসহ আহ্বায়ক এবং সমিতির কোষাধ্যক্ষ আলাপ-আলোচনা সাপেক্ষে এ কাজ করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- 'বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০'-এ অংশগ্রহণের জন্য ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, বেসিস, আইএসপিএবি, বিসিএস কম্পিউটার সিটি এবং এলিফ্যান্ট রোড কম্পিউটার সমিতিকে সৌজন্যমূলক স্টল বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৪ : বিবিধ

আলোচনা : মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন বলেন, সমিতির চীফ্ অপারেটিং অফিসার বীরেন্দ্র নাথ অধিকারীর পদত্যাগ হেতু শূন্য এ পদে নিয়োগদানের জন্য বিজ্ঞপ্তি প্রচার করা প্রয়োজন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে, তারা বিডি জবস ডট কম-এর হট জবস পেজে উক্ত বিজ্ঞপ্তি প্রচারের মত পেশ করেন। মহাসচিব এ কাজ তদারকি করবেন বলেও তারা সায় প্রদান করেন।

সিদ্ধান্ত : সমিতির চীফ্ অপারেটিং অফিসার বীরেন্দ্র নাথ অধিকারীর পদত্যাগ হেতু শূন্য এ পদে নিয়োগদানের জন্য বিডি জবস ডট কম-এর হট জবস পেজে একটি বিজ্ঞপ্তি প্রচার এবং মহাসচিব এ কাজ তদারকি করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি